দৈনিক খবর

তারিখ ... 30 DEC 1990 ...
পৃষ্ঠা ... 9 ... কলাম ... 9 ...

44

# ইডেন কলেজ অধ্যক্ষার অপসারণের দাবীতে সমাবেশ মিছিল

।। স্টাফ রিপোর্টার ।।

ইডেন কলেজের অধ্যক্ষার পদত্যাগ ও অবিলম্বে ইডেন কলেজ খুলে দেয়ার দাবীতে ঐ কলেজের ছাত্রীরা গতকাল শনিবার কলেজ চত্বরে সমাবেশ এবং পরে নগরীতে মিছিল করেছেন। সমাবেশে ঐ কলেজ অধ্যক্ষার কুশপুত্তলিকা দাহ করা হয়েছে। সাধারণ ছাত্রী পরিষদের আহবান অনুষ্ঠিত এ সমাবেশে ছাত্রীদের মধ্যে রোজিনা ইসলাম চম্পা, হেলেন জেরিন খান ও শামসুন্নাহার লাভলী বক্তৃতা করেন।

সমাবেশে বক্তারা বলেন যে, এই প্রিন্সিপাল ক্ষমতায় এসেই কলেজ সংসদ নির্বাচনে ব্যাপক কারচুপির মাধ্যমে বিজয়ী জাতীয়তাবাদী ছাত্রদলকে হারিয়ে বিজিত সরকারী সংগঠনকে জিতিয়ে আনেন। তিনি এরশাদকে সম্বর্ধনা দেওয়ার জন্য, ইডেন কলেজের মেয়েদেরকে বিমান বন্দরে নিয়ে যাওয়ার ব্যবস্থা করেছিলেন। কিন্তু সাধারণ ছাত্রীদের চাপের মুখে তা সম্ভবপর হয়ে উঠেনি। রওশন এরশাদকে কলেজে এনে শ্রেষ্ঠ শিক্ষিকার পদটি বাগিয়ে নিয়েছিলেন। এরশাদ সরকারের সাথে মালয়েশিয়া সফর করেছিলেন। এবং কলেজের অভ্যন্তরে অসংখ্য দুর্নীতি ও একনায়কতন্ত্রের সৃষ্টি করেছিলেন।